

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 কারিগরি শিক্ষা অধিদপ্তর
 শাখা-০৬ (ভোকেশনাল-০১)
 এফ-০৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
 শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৪০.২৭.৩৮০.১৭ / ২৫৭

তারিখ : ০১/২/২০১৭ খ্রি

বিষয় : মন্ত্রণালয়ের নীতিমালা অনুযায়ী পরীক্ষার সম্মানী বন্টন ও সতর্কীকরণ প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন বরিশাল টেকনিক্যাল স্কুল ও কলেজের চীফ ইন্সট্রাক্টর (অটোমোবাইল) জনাব মোঃ জাকির হোসেন-এর বিরচন্দে আনীত অভিযোগের জবাব সংক্রান্ত পত্র পাওয়া গেছে।

- ২) জবাবে তিনি উল্লেখ করেন, রুটিন দায়িত্বের অতিরিক্ত হিসেবে একাডেমিক ইন-চার্জ এর দায়িত্ব পালন করেন। গত ডিসেম্বর/২০১৬ খ্রি: নবম শ্রেণির বোর্ড পরীক্ষা প্রথম সপ্তাহে শেষ হয় কিন্তু অধ্যক্ষ বিদেশে থাকায় তিনি অধ্যক্ষের দায়িত্ব, একাডেমিক দায়িত্ব এবং নিজের রুটিন দায়িত্ব পালনের পর সময়ের সীমাবদ্ধতা থাকায় পরীক্ষা সংক্রান্ত বিলটি একাডেমিক কাউন্সিলে যথাসময়ে উপস্থাপন করতে বিলম্ব হয় বলে জানান। ২৩/১২/২০১৬ খ্রি: তারিখে অনুষ্ঠিত সর্ট কোর্সের পরীক্ষার আয় ও ব্যয়ের হিসাব অধ্যক্ষ মহোদয়ের নিকট উপস্থাপন করেন এবং অধ্যক্ষ মহোদয়ের অনুমোদন সাপেক্ষে শিক্ষক-কর্মচারীদের মাঝে সম্মানী পরিশোধ করেন। উক্ত তারিখে পরীক্ষার সম্মানী হিসেবে তিনি ৫০,০০০/- (পঞ্চাশ হাজার টাকা) প্রতি অনভিজ্ঞতার কারণে ঘটেছে এবং তিনি ক্ষমা প্রার্থনা করেন।
- ৩) জবাব পর্যালোচনায় দেখা যায়, কারিগরি বোর্ডের নীতিমালা অনুসরণ পূর্বক একাডেমিক কাউন্সিলের সভায় সদস্যদের অনুমোদনক্রমে প্রদানের বিষয়টি সংযুক্ত করা হলেও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের নীতিমালা কিভাবে অনুসরণ করা হয়েছে তা জবাবে স্পষ্ট নয়। মন্ত্রণালয়ের নীতিমালা অনুযায়ী পরীক্ষার সম্মানী বন্টন করা উচিত ছিল। শিক্ষক-কর্মচারীদের সম্মানী/পারিশ্রমিক বন্টনের হিসাব বিস্তারিতভাবে উপস্থাপন করা হয়নি এবং তিনি অতিরিক্ত টাকা সম্মানী হিসেবে গ্রহণ করেননি বলে যে জবাব দাখিল করা হয়েছে, তার কোন প্রমাণক পাওয়া যায়নি। ফলে জবাব সন্তোষজনক বলে প্রতীয়মান হয়নি।

এমতবস্থায়, যেহেতু বিষয়টি অনভিজ্ঞতার কারণে ঘটেছে এবং তিনি ক্ষমা প্রার্থনা করেন। সেহেতু বরিশাল টেকনিক্যাল স্কুল ও কলেজের চীফ ইন্সট্রাক্টর (অটোমোবাইল) জনাব মোঃ জাকির হোসেন-কে পরবর্তীতে মন্ত্রণালয়ের নীতিমালা অনুসরণ পূর্বক পরীক্ষার সম্মানী বন্টন করার জন্য বলা হ'ল এবং প্রথমবারের মত সতর্ক করা হ'ল।


 (মোঃ মিজানুর রহমান) ২০১৭
 খ্রি
 যুগ্ম সচিব

পরিচালক (ভোকেশনাল)
 কারিগরি শিক্ষা অধিদপ্তর


 ন/২১৭

জনাব মোঃ জাকির হোসেন
 চীফ ইন্সট্রাক্টর (অটোমোবাইল)
 বরিশাল টেকনিক্যাল স্কুল ও কলেজ
 বরিশাল।
 পিআইএমএস আইডি নং-৬৫৫০১০০০৩৫

অনুলিপি:

- ১।  অধ্যক্ষ, বরিশাল টেকনিক্যাল স্কুল ও কলেজ।
 ২।  ভারথাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (প্রতিখানা ওয়েব সাইটে প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।